



ALL INDIA RADIO, SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI/ বাংলা

DATE: 30 MARCH 2024

7:35-7:40 AM IST

নির্বাচন কমিশনের সি-ভিজিল এপ ভোটারডের মধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে। লোকসভা নির্বাচনের সময়সূচী ঘোষণার পর থেকে এপর্যন্ত ৭৯ হাজারেরও অধিক নির্বাচনী আদর্শ-আচরণ বিধি ভঙ্গের অভিযোগ পাওয়া গেছে। নির্বাচন কমিশন সত্রে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে বিধি ভঙ্গে অভিযোগগুলির ৯৯ শতাংশের ইতিমধ্যে নিষ্পত্তি করা হয়েছে। এপটির মাধ্যমে লাভ করা অভিযোগগুলির মধ্যে ৫৮ হাজার ৫০০ রো অধিক অবৈধ হোর্ডিং ও ব্যানার এবং এক হাজার ৪০০ রো অধিক অভিযোগ অর্থ, উপহার ও সুরা বিতরণের সঙ্গে জড়িত। এছাড়া প্রায় তিন শতাংশ সম্পত্তি নষ্ট করার অভিযোগ রয়েছে। আগুয়াজ্ঞ প্রদর্শন ও ভয় দেখানোর ৫৩৫ টি অভিযোগের মধ্যে ৫২৯ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে বলে কমিশন জানিয়েছে।

লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ের প্রচার অভিযানে ইতিমধ্যে গতি এসেছে। যোরহাট লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী গৌরব গগৈ গতকাল চরাইদেও জেলার মাহমরায় একটি নির্বাচনী র্যালীতে অংশ গ্রহণ করেন। এই আসনের বি জে পি প্রার্থী তপন কুমার গগৈও গতকাল মাজুলীতে মোট ১১টি জনসভায় অংশ গ্রহণ করেন। কাজিরাস্তা লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী রজনীনা তিকী গোলাঘাটে, নগাও লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী প্রদ্যুৎ বরদলৈ নগাও জেলার বিভিন্ন অঞ্চলে এবং শোণিতপুর লোকসভা আসনের বি জে পি মিত্র জোটের প্রার্থী রঞ্জিত দত্ত ঢেকিয়াজুলির বরতলায় নির্বাচনী জনসভায় অংশ গ্রহণ করেন। এদিকে কাজিরাস্তা লোকসভা আসনের বি জে পি প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসার হয়ে গতকাল রাজ্যের মন্ত্রী অজন্তা নেওয়োগ প্রচার করেন। উল্লেখ্য আগামী ১৯শে এপ্রিল রাজ্যের ৫টি আসনে প্রথম পর্যায়ে ভোট গ্রহণ করা হবে।

করিমগঞ্জ লোকসভা আসনে কংগ্রেস প্রার্থী হাফিজ রশিদ আহমেদ চৌধুরী গতকাল লালায় একটি বিশাল বাইক রেলীর মাধ্যমে প্রচারে অংশ নিয়েছেন। অন্যদিকে করিমগঞ্জ আসনের বি জে পি প্রার্থী কৃপানাথ মালা গতকাল হাইলাকান্দি জেলার বক্রিহাওয়ার গ্রামে প্রচার সভায় অংশ নিয়েছেন। এই সভায় বি জে পি-র হাইলাকান্দি জেলা সভাপতি স্বপন ভট্টাচার্য, বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ প্রমুখ উপস্থিত ছিলেন।

৬০ সদস্য বিশিষ্ট অরুণাচল প্রদেশ বিধানসভা এবং ২টি লোকসভা আসনের জন্য জমা করা মনোনয়নপত্র গুলি পরীক্ষা করার কাজ সম্পন্ন হয়েছে। পরীক্ষা করার পর বিধানসভা আসনের জন্য দাখিল করা মোট ১শো ৬৮টি মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করা হয়েছে। অন্যদিকে দুটি লোকসভা আসনের জন্য জমা করা ১৫টি মনোনয়ন পত্র বৈধ বলে ঘোষণা করা হয়েছে। এর মধ্যে পশ্চিম অরুণাচল প্রদেশ লোকসভা আসনের জন্য মোট ৮ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা করেছেন। এই আসনে বি জে পি প্রার্থী তথা কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু এবং কংগ্রেস দলের প্রার্থী তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী নাবাম টুকিও প্রতিদ্বন্দিতা করছেন। উল্লেখ্য আগামী ১৯শে এপ্রিল অরুণাচল প্রদেশ বিধানসভা এবং দুটি লোকসভা আসনের জন্য এক সঙ্গে ভোট গ্রহণ করা হবে।

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট রোহন কুমার ঝা আগামী ২৬ শে এপ্রিল শিলচর লোকসভা আসনে নির্বাচনের পরিপ্রেক্ষিতে সবধরনের বে-আইনী কার্যকলাপ ও হিংসাত্মক ঘটনা প্রতিরোধ করার উদ্দেশ্যে সমগ্র কাছাড় জেলায় ভারতীয় ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা জারী করেছেন। সে অনুসারে শিলচর লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে ৫ জনের বেশী লোকের সমাবেশ এবং ২টির বেশী যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়েছে। নির্বাচনী আধিকারীকের কার্যালয়ে প্রার্থী সহ ৫ জন ব্যক্তিকে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে।

লোকসভা নির্বাচনের কাজে নিযুক্ত সব ভোটকর্মী যাতে সুষ্ঠুভাবে ভোটদান করতে পারেন সে জন্য করিমগঞ্জের জেলা আয়ুক্ত তথা রিটার্নিং অফিসারের কার্যালয়ের রাজস্ব শাখায় একটি পোস্টাল ব্যালট পেপার সেল এবং ফেসিলিটেশন সেন্টার খোলা হয়েছে। এতে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানে ইচ্ছুক ভোটকর্মীরা পোস্টাল ব্যালট ফেসিলিটেশন সেন্টারের পরিসেবা গ্রহণ করতে পারবেন। এছাড়া ভোটকর্মী প্রশিক্ষণ কেন্দ্রে যারা প্রশিক্ষণ কার্যে নিযুক্ত রয়েছেন তাদের জন্যও ওই প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে পোস্টাল ব্যালট ফেসিলিটেশন সেন্টার খোলা থাকবে। পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে সব ভোটকর্মীদের ১২ নম্বর ফর্ম পূরণ করতে হবে। পূরণ করা ফর্মের নীচে স্বাক্ষর করে নির্বাচনের নির্দিষ্ট তারিখের ৭ দিন আগে পোস্টাল ব্যালট পেপার সেলে

জমা দিতে হবে । আবেদনপত্র জমা দেবার সময় নির্বাচন কাজের নিযুক্তিপত্র ও ভোটার পরিচয় পত্রের জেরক্স কপি সঙ্গে জমা দিতে হবে ।

